তারিখ 21 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক



শ্রীমঙ্গল (মৌলভীবাজার) : বর্ণমালা স্কুলে শিশু শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষকবৃন্দ —ইত্তেফাক

# শ্রীমঙ্গলে পিছিয়ে পড়া শিশুদের নিয়ে বর্ণমালা স্কুল

■ অনুজ কান্তি দাশ, শ্রীমঙ্গল (মৌলভীবাজার) সংবাদদাতা

'ছবি দিয়ে শিখব, বর্ণমালা এই আমাদের পাঠশালা' এ শ্লোগান নিয়ে বর্ণমালা স্কুলে ২৬ জন শিশু গড়ছে তাদের জীবন। দারিদ্র্য, অশিক্ষা, অবহেলা, অনাগ্রহ আর কুসংস্কারে আবদ্ধ উপজেলার চা শ্রমিক সন্তানদের বিদ্যালয়মুখী করার লক্ষ্যে বর্ণমালা স্কুলের এই প্রয়াস চলছে ৪ মাস ধরে।

শ্রীমঙ্গল উপজেলার ভূড়ভূড়িয়া চা বাগানে স্কুলটির ১৫ জানুয়ারি হতে পদযাত্রা শুরু হয়েছে। শ্রমিক পরিবারের শিশু ও পিতা-মাতার সাথে আলাপ করে বাচ্চাদের বিদ্যালয়মুখী করার উদ্যোগ নেয় শিক্ষকরা। বিদ্যালয়ে সপ্তাহের প্রতি শুক্র ও শনিবার এই দুইদিন ক্লাস হয়। শিক্ষকদের মধ্যে রয়েছেন ইয়ুথ লিডার গোলাম কিবরিয়া, তামিম আহমদ, কান্তা সরকার, সুমি আক্তার ও আয়েশা আক্তার। এই ৫ শিক্ষক বিনা পারিশ্রমিকে তাদের অক্লান্ত পরিশ্রম করে শিশুদের মাঝে উজ্জ্বল নক্ষত্র ফুটিয়ে তুলতে চেষ্টা করছে অবিরত।

বর্ণমালা স্কুলের শিক্ষক গোলাম কিবরিয়া জানান, মাত্র ৪ মাসের তাদের বিদ্যালয়ে আসা ২৬ জন শিক্ষার্থীর মধ্যে ৪ জন শিক্ষার্থী এখন পড়ালেখায় আগ্রহী হয়ে বিদ্যালয়ে ভর্তি হয়েছে এবং নিয়মিত বিদ্যালয়ে যাচ্ছে। এছাড়া স্কুলটিতে বাচ্চাদের বাল্যশিক্ষার পাশাপাশি বিদ্যালয়ে গমনের বিষয়টি শতভাগ নিশ্চিত করতে সক্ষম হবে বলে ধারণা করছেন তিনি।